



## প্রিমিয়ার ব্যাংক-বিজিএমইএ চুক্তি

সম্প্রতি প্রিমিয়ার ব্যাংকের প্রধান কার্যালয়ে ব্যাংকের সঙ্গে বিজিএমইএ ফ্যাশন অ্যান্ড টেকনোলজি বিশ্ববিদ্যালয়ের সঙ্গে করপোরেট চুক্তি স্বাক্ষর অনুষ্ঠিত হয়। প্রিমিয়ার ব্যাংকের এসভিপি ও হেড অব করপোরেট মোহাম্মদ এমতিয়াজ উদ্দিন ও বিজিএমইএ ফ্যাশন অ্যান্ড টেকনোলজির চিফ ফাইন্যান্সিয়াল অফিসার এম নাজমুল হোসেইন চুক্তি বিনিময় করেন। এ সময় উপস্থিত ছিলেন প্রিমিয়ার ব্যাংকের চেয়ারম্যান ডা. এইচবিএম ইকবাল, পরিচালক বিএইচ হারুন, এমডি খোন্দকার ফজলে রশিদ, অতিরিক্ত এমডি আবু হানিফ খান এবং বিজিএমইএ ফ্যাশন অ্যান্ড টেকনোলজির চেয়ারম্যান মুজাফফর ইউ সিদ্দিকী, উপাচার্য প্রফেসর ড. সৈয়দ মাসুদ হোসেইন ও উপ-উপাচার্য ড. প্রফেসর আইয়ুব নবী খান প্রমুখ। চুক্তির আওতায় বিজিএমইএ ফ্যাশন অ্যান্ড টেকনোলজি বিশ্ববিদ্যালয়ের পে-রোল স্টাফ অ্যাকাউন্ট এবং ছাত্রদের বেতনাদি ও অন্যান্য ফি জমা ও লেনদেন প্রিমিয়ার ব্যাংকের ৯৭ শাখার মাধ্যমে ২৪ ঘণ্টা এটিএম সার্ভিসসহ অন্যান্য আধুনিক সুবিধাদি ব্যাংকের মাধ্যমে প্রদান করা হবে।